যুগান্তর

তারিখ 17 FEB 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৩-২

# পরিচালকের পদত্যাগ দাবিতে ঢাবি আইলেট শিক্ষার্থীদের মানববন্ধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

একাডেমিক এবং প্রশাসনিক কাঠামো উন্নয়নের লক্ষ্যে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ইন্সটিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউটের (আইলেট) পরিচালকের পদত্যাগ এবং একজন দক্ষ পরিচালক নিয়োগ, ইন্সটিটিউটে মাস্টার্সসহ উচ্চতর গবেষণা প্রকল্প চালুসহ ৭ দফা দাবিতে মানববন্ধন করেছে ইন্সটিটিউটটির শিক্ষার্থীরা। সোমবার দুপুর ১টায় হাজারীবাগের ইন্সটিটিউটির সামনে তারা এ মানববন্ধন করে। মানববন্ধনে তাদের সঙ্গে একাত্মতা ঘোষণা করেন লেদার ইঞ্জিনিয়ার্স অ্যান্ড টেকনোলজিস্টস সোসাইটি, বাংলাদেশ। ২৮তম ব্যাচের শিক্ষার্থী আবুল হাসানাত বাহারের পরিচালনায় মানববন্ধনে ইন্সটিটিউটটির বিভিন্ন ব্যাচের বর্তমান ও সাবেক শিক্ষার্থীরা অংশ নেন। এ সময় তারা কার্যকরী ব্যবস্থা না নিলে কঠোর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দেন। অন্য দাবিগুলো হল— অতিসত্বর সব বিষয়ের জন্য পূর্ণকালীন শিক্ষক নিয়োগ দেয়া, পরীক্ষাগারের যন্ত্রপাতি মেরামত, অবিলম্বে মেয়েদের জন্য নির্মিত অ্যাথলেট সুলতানা কামাল হল চালু করা, ইন্সটিটিউটে পরিচ্ছন্ন মানসম্মত ক্যান্টিন ও ওয়াইফাইয়ের ব্যবস্থা এবং পরিবহন সংকট নিরসন করা।